গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

**আগস্ট ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৮-০৮-২০১৭ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | বেলা- ১২.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'। |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

আলোচনা : সভায় জুলাই ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-২ : আরডিআরএস বাংলাদেশের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় বলেন, আরডিআরএস বাংলাদেশ এ জেলার ৯টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নানামুখী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। এ সংস্থাটি কুড়িগ্রাম জেলার সকল উপজেলায় কোর কম্প্রিহেনসিপ প্রোগ্রাম, কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, উলিপুর ও চিলমারী উপজেলায় সুবিধাবঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষা, সকল উপজেলায় স্কুল ফিডিং কর্মসূচির আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিদিন বিস্কুট বিতরণ, রিড প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার মোট ১৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ১ম হতে ৩য় শ্রেণির শিক্ষার্থীদের পঠন বৃদ্ধির কাজ করে আসছে। এছাড়াও সকল উপজেলায় ক্ষুদ্রঋণ প্রকল্পসহ সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩ : সলিডারিটি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, চলমান বন্যায় কুড়িগ্রাম জেলায় শিমুলবাড়ী ইউনিয়নে ৫০০ জনকে ৪,০০০/- টাকা করে ২০,০০,০০০/- টাকা, বড়বাড়ী ইউনিয়নে ৭০০ জনকে ৪,০০০/- টাকা করে ২৮,০০,০০০/- টাকা কেয়ার স্টাফ ফান্ড এবং এএসএইড এর আর্থিক সহায়তায় প্রদান করা হয়েছে। Campe এর সহায়তায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে ৩০০ জনকে ৮০০/- টাকা করে মোট ২৪,০০০/- টাকা এবং খুলনা ইউনিভার্সিটি এর আওতায় প্রাপ্ত ফুড প্যাকেজ পাঁচগাছি ইউনিয়নে ৩০০ জনকে সলিডারিটি, কুড়িগ্রামের মাধ্যমে বিতরণ করা হয়েছে। ইনরিচ প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার ঘোগাদহ ইউনিয়নে ১টি হেলথ ক্যাম্প স্থাপন করা হয়েছে। ০৩ জন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা ১২৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়াও সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৪ : ইএসডিও এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ০ ৯টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ০৯ টি উপজেলার ৭৩টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। এই ০৯ (নয়) টি প্রকল্পের মধ্যে এক বা একাধিক প্রকল্প জেলার ০৯ টি উপজেলা ৭৩ টি ইউনিয়নে বাস্তবায়িত হয়ে আসছে।

**আলোচ্যসূচি-৫ : কেয়ার, বাংলাদেশের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৬ : কেডিএবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কেডিএবি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কেডিএবি, চিলমারী উপজেলায় ১টি প্রাথমিক বিদ্যালয় ও ১টি মাধ্যমিক বিদ্যালয় দেশি বিদেশি শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক উভয় উপজেলার সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও এ সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে তিনি অবহিত করেন।

**আলোচ্যসূচি-৭ : কিরারা নো কাই এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ম্যানেজার, কিরারা নো কাই, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় ২০১৭-২০১৮ চক্রে রামখানা, রায়গঞ্জ, সন্তোষপুর, নেওয়াশী, বামনডাঙ্গা, হাসনাবাদ, ভিতরবন্দ, কেদার, কচাকাটা, বল্লভেরখাসসহ মোট ১০টি ইউনিয়নে ২,৪০০ জন ভিজিডি উপকারভোগী সদস্যদের নিয়ে কাজ করছে। বর্তমানে ভিজিডি সদস্যদের নিয়ে 'ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার' উপর প্রশিক্ষণ চলমান রয়েছে।

চলমান পাতা-২

**আলোচ্যসূচি-০৮ : সিডিডিএফের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, জুলাই ২০১৭ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

**আলোচ্যসূচি-০৯ : টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশনের কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, তার সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে জানানো হয়।

**আলোচ্যসূচি-১০ : টেরে ডেস্ হোমস্ ইতালী'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : টিডিএইচ ইতালী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলাতে ১ টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১টি মোট ২টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৩ জন ছেলে এবং ৩৭১ জন মেয়ে মোট ৬৯৪ জনকে শিক্ষা সহায়তা যেমন- বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। কুড়িগ্রাম পৌরসভাতে সংস্থার উপকারভোগী পরিবারের ৩১ জন ছাত্র/ ছাত্রী ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১১ : গ্রাম উন্নয়ন কেন্দ্রের কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কার্যক্রমের ২০১৭-১৮ চক্রের জন্য রাজারহাটের ০৭টি ইউনিয়নে কাজ করছে। উক্ত চক্রে নির্বাচিত উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ২৭ আগস্ট ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৩১,৮৫,৬৮৭/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় জমা করা হয়েছে। যার হিসাব নং ১০৯৬৯।

**আলোচ্যসূচি-১২ : সচেতন নাগরিক কমিটি,র (সনাক) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক গৃহীত সকল প্রকল্পের কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৩ : আফাদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আফাদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি এর অর্থায়নে শ্রবন ও দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫ টি ইউনিয়নে ৪ জনকে থেরাপী সেবা এবং Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশুমৃত্যু হার হ্রাসকরণ প্রকল্পের আওতায় উবীনীগ এর অর্থায়নে উলিপুর উপজেলায় গর্ভবতী মাকে পরামর্শ প্রদান করা হচ্ছে। ইউএসসিসিবি, কানাডা'র অর্থায়নে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে এআরসি প্রোগ্রামের আওতায় কিশোরীদের নিয়মিত শিক্ষাদান কর্মসূচি, আয়বৃদ্ধিমূলক কর্মসূচি এবং সচেতনতা বৃদ্ধিমূলক নিয়মিত সেশন করা হয়ে থাকে। এছাড়াও আফাদের গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৪ : ব্র্যাক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্র্যাক প্রতিনিধি কুড়িগ্রাম, সভায় অবহিত করেন যে, ব্রাকের ক্ষুদ্র ঋণ কর্মসূচি, মা ও শিশু পরিচর্যা কর্মসূচি, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় জুলাই ২০১৭ মাসে ৩,৮৫৪ জনকে ৮,০১,৭০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ২৪,৭৭০ জনকে ৫৭,৬৩,৫৪,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয় এবং সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহ বাবদ এ জেলায় প্রান্তিক চাষীর মাঝে অনুদান প্রদান করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৫ : এইড কুমিল্লা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : এইড কুমিল্লার প্রতিনিধি সভায় জানান, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী, ফুলবাড়ী ও ভূরুঙ্গামারী উপজেলার জাতীয় আইন সহায়তা প্রদান কার্যক্রম তৃণমূল পর্যায়ে পৌছানোর জন্য প্রচারণার কাজ করছে। এতে অসহায়-অস্বচ্ছল দরিদ্র জনগণ উপকৃত হচ্ছে। গ্রামের অসহায় বিচার প্রার্থীরা লিগ্যাল এইড অফিস, কুড়িগ্রামে এসে তাদের আইনি পরামর্শ ও সহায়তা নিচ্ছেন। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৬ : আশা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ০৯টি উপজেলার ৪৬টি ব্রাঞ্চের মাধ্যমে কর্মকান্ড পরিচালিত হয়। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা বাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরন কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঁঠালবাড়ী ইউনিয়ন ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে , ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নে এবং ভুরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫ টি শিক্ষা কেন্দ্রে ৫২৮০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থার গৃহিত সকল কার্যক্রম যথারীতি চলছে।

চলমান পাতা-৩

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৭ | : | **মেরী স্টোপস্ ক্লিনিক এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, 'স্ট্রেংদেনিং এন্ড এক্সপেন্ডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ' প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে জুলাই ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-১৮ | : | **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ২০১৭-১৮ চক্রের জন্য উলিপুর উপজেলার ০৯টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি, প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। ২৮ আগস্ট ২০১৭ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ২০,০৪,৯১৩/- টাকা। উক্ত টাকা অগ্রণী ব্যাংক লিঃ, উলিপুর শাখায় জমা রয়েছে। এছাড়াও নাগেশ্বরী এবং কুড়িগ্রাম সদর উপজেলায় জেলা পরিষদের অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিতরণকৃত ০৯টি হুইল চেয়ার ও ০৬টি রিক্সা গ্রহণকারী উপকারভোগী প্রতিবন্ধীদের কার্যক্রম সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। |
| আলোচ্যসূচি-১৯ | : | **সিসিডিবি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সিসিডিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ঝড়েপড়া ও বিদ্যালয় বহির্ভূত শিশুদের নিয়ে ৪৪টি শিশু শিখন কেন্দ্রে ৫৫৩ জন ছেলে ও ৫৮৫ জন মেয়ে মোট ১১৩৮ জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে। পাঁচ বছর বয়সী শিশুদের নিয়ে প্রি-স্কুলে ১২টি কেন্দ্র পরিচালিত হয়। প্রি-স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীর মধ্যে ছেলে ১৫৯ জন এবং মেয়ে ১৭৬ জন মোট ৩৩৫ জন। প্রাইমারী স্কুলে তুলনামূলক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিয়ে ৮ টি ক্যাম্প কার্যক্রম পরিচালিত হয়েছিল যেখানে অধ্যয়নরত শিক্ষার্থী ছিল ছেলে ১০৩ জন এবং মেয়ে ৯৭ জন মোট ২০০ জন। শিক্ষা আন্দোলন জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদে শিক্ষা কমিটির সাথে মিটিং করাসহ বিভিন্ন মিটিং/ওরিয়েন্টশন পরিচালনা করা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২০ | : | **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, কুড়িগ্রামের প্রতিনিধি বলেন, তার সংস্থা SHOUHARDO-III, CIRDV, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, EIE প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে। SHOUHARDO-III কর্মসূচি রাজিবপুর, ফুলবাড়ী, নাগেশ্বরী ও রাজারহাট উপজেলার ১৮টি ইউনিয়নে কাজ করে যাচ্ছে। এ কর্মসূচির অধীন গরীব ও অতি-গরীব পরিবারসমূহের গর্ভবতী মায়েদের মাঝে সমপূরক খাদ্য (রেশন) বিতরণ করা হয়। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২১ | : | **সুশীলন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সুশীলন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, জুলাই ২০১৭ মাসে 'উত্তারাঞ্চলের দারিদ্রতা হ্রাস কর্মসূচির (নারী) অধীন সচেতনতা বৃদ্ধি ও উপকারভোগী নির্বাচন' প্রকল্পের মাধ্যমে উপকারভোগী প্রশিক্ষণে পাঠানোর ক্ষেত্রে ফুলবাড়ী, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার ২৪টি ইউনিয়নে অবহিতকণ সভা ও উঠান বৈঠক করা হয়েছে। |
| আলোচ্যসূচি-২২ | : | **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তার সংস্থা কর্তৃক 'ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ পোভার্টি গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ' প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়। জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি পর্যায়ে ৫৪টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২৩ | : | **ল্যাম্ব হাসপাতাল এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ল্যাম্ব হাসপাতালের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়ার্ল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ০৬টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্য কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ ২০১৭ সালের ফেব্রুয়ারি মাস হতে সম্পাদন করে আসছে। বিভিন্ন দুর্যোগকালীন বিপন্ন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভবতী মা ও শিশু, বৃদ্ধ-বৃদ্ধা, প্রতিবন্ধী, মহিলা ও মেয়েদের বিভিন্ন রোগ ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণের জন্য কাজ চলমান রয়েছে।এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ২৪ | : | **গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। জুলাই ২০১৭ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ০১জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৩০ জন এবং ২ টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠিকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি- ২৫ | : | **প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, অত্র সংস্থার প্রকল্প এলাকার বালুচরে উৎপাদিত ২,৫৪৯ মেঃটন মিষ্টি কুমড়া দেশের বিভিন্ন স্থানে বাজারজাত করা হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও ফুলবাড়ী উপজেলার বিভিন্ন বাঁধ এলাকা থেকে অতি দরিদ্র মোট ৩,৬০০ টি পরিবারের মধ্যে প্রকল্পের দ্বিতীয় বছরে প্রকল্প থেকে মিষ্টি কুমড়া, ছাগল বা ভেড়া প্রদান করা হবে। প্রকল্পের সদস্যেদেরকে তাদের নিজের বাড়ীতে জৈব সার প্রস্তুতের জন্য পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। মোট ৭৯২ পরিবারকে পুষ্টি কার্যক্রমের উপর পরমর্শ প্রদানসহ পুষ্টি বাক্স প্রদান করা হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের খসড়া তালিকা প্রস্তুত করা হচ্ছে এবং তাদের স্টোরেজকৃত মিষ্টি কুমড়া যাতে ভাল ভাবে সংরক্ষণ করতে পারেন এবং ভাল দামে বিক্রয় করতে পারেন সে বিষয়েও পরার্মশ প্রদান করা হচ্ছে । এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২৬** | **:** | **সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | | এরিয়া ম্যানেজার, এসএসএস, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, অত্র সংস্থার ৬টি শাখার মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| **আলোচ্যসূচি-২৭** | **:** | **গরীব উন্নয়ন কেন্দ্র সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | গরীব উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি জানান, তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে। |
| **আলোচ্যসূচি-২৮** | **:** | **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ক্লিনিক ম্যানেজার,সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে জুলাই ২০১৭ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| **আলোচ্যসূচি-২৯** | **:** | **ইসলামিক রিলিফ ফাউন্ডেশন, সুশীলন, গণ উন্নয়ন কেন্দ্র, বাংলাদেশ মহিলা পরিষদ, ওডিএফ, বকুলতলি মহিলা সংসদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | ইসলামিক রিলিফ ফাউনফেশন, সুশীলন, গণ উন্নয়ন কেন্দ্র, বাংলাদেশ মহিলা পরিষদ, ওডিএফ, বকুলতলি মহিলা সংসদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে। |
| **আলোচ্যসূচি-৩০** | **:** | **বিবিধঃ** |
| আলোচনা | : | |

১. সভায় প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য ধন্যবাদ জানানো হয়।

২. আগামী সভায় ইএসডিও, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য উপস্থাপন করার জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

৩. কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত যে সকল এনজিও/সংস্থা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করেননি, তাদেরকে নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা, চলতি মাসের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং ৩৩০০১৪০২৪-তে জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন। কিছু সংখ্যক এনজিও/সংস্থা কর্তৃক ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি দাখিল না করায় সভায় অসন্তোষ প্রকাশ করেন। এইড কুমিল্লা'র এনজিও পোর্টালে পুনরায় অন্তর্ভুক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য প্রতি বছর ৮০০/- টাকা হারে একত্রে ২,৪০০/- টাকা জমা প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

৪. জনকল্যাণ কেন্দ্র বিগত ২০১৫, ২০১৬ ও ২০১৭ সাল পর্যন্ত এনজিও পোর্টালের জন্য কোন টাকা জমা করেননি। দীর্ঘদিন ধরে সভায় অনুপস্থিত রয়েছেন। তাই জনকল্যাণ কেন্দ্র -কে কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে স্থগিত করে ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামকে ২০১৭ সাল হতে এনজিও পোর্টালে নতুনভাবে অন্তর্ভুক্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিশদ আলোচনার পর উপস্থিত সকলেই উক্ত বিষয়ে একমত পোষণ করেন।

৫. কুড়িগ্রাম এনজিও পোর্টালের কার্যক্রম পরিচালনার জন্য গত ০২ জুলাই ২০১৪ খ্রিঃ তারিখে ০৩ (তিন) বছর মেয়াদে জনাব মোঃ ইমরানুল আনাম, প্রকল্প পরিচালক, Esoft arena limited (সংক্ষেপে esoftarena) এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ইতোমধ্যে চুক্তির মেয়াদ শেষ হয়েছে। ইতোমধ্যে পূর্বের কোম্পানী বন্ধ হওয়ার কারণে কোম্পানী এ্যাক্ট ১৯৯৪ এর অধিনে প্রতিষ্ঠিত বর্তমান কোম্পানী Tech জনাব মোঃ ইমরানুল আনাম, ব্যবস্থাপনা পরিচালক, Plexus Limited, রেজিস্ট্রেশন নং C-১১৮৭৩৭/১৪, প্রধান কার্যালয়ের ঠিকানাঃ হোল্ডিং নং #৮৮৭/৮৪৮ (৩য় তলা), গণেশতলা, সদর, দিনাজপুরের সাথে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য পূর্বের সকল শর্তানুযায়ী চুক্তির মেয়াদ নবায়ন করার জন্য সভায় আলোচনা করা হয়। বিশদ আলোচনার পর উপস্থিত সকলেই চুক্তি নবায়নের বিষয়ে একমত পোষণ করেন।

৬. সকল সংস্থাকে ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য সভাপতি অনুরোধ করেন এবং তাদের সংস্থার স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos. org.bd) নিজ ওয়েবপেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

৭. সভাপতি বলেন, এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সঙ্গে যাতে overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

**বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সহকারী কমিশনার সাধারণ শাখা |

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫ | এনজিওসমূহের কার্যক্রম মনিটরিং-এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত যে সমস্ত এনজিও এখনও ২০১৫ ও ২০১৬ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা ও চলতি ২০১৭ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা জমাপূর্বক জমা প্রদানের রশিদ দাখিল করেনি, সে সমস্ত এনজিওকে চলতি মাসের মধ্যে ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের কার্যক্রম পরিচালনার জন্য গত ০২ জুলাই ২০১৪ খ্রিঃ তারিখে ০৩ (তিন) বছর মেয়াদে জনাব মোঃ ইমরানুল আনাম, প্রকল্প পরিচালক, Esoft arena limited (সংক্ষেপে esoftarena) এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ইতোমধ্যে চুক্তির মেয়াদ শেষ হয়েছে। ইতোমধ্যে পূর্বের কোম্পানী বন্ধ হওয়ার কারণে কোম্পানী এ্যাক্ট ১৯৯৪ এর অধিনে প্রতিষ্ঠিত বর্তমান কোম্পানী Tech জনাব মোঃ ইমরানুল আনাম, ব্যবস্থাপনা পরিচালক, Plexus Limited, রেজিস্ট্রেশন নং C-১১৮৭৩৭/১৪, প্রধান কার্যালয়ের ঠিকানাঃ হোল্ডিং নং #৮৮৭/৮৪৮ (৩য় তলা), গণেশতলা, সদর, দিনাজপুরের সাথে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য পূর্বের সকল শর্তানুযায়ী চুক্তি নবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | এনজিও পোর্টাল হতে জনকল্যাণ কেন্দ্র -কে কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে স্থগিত করে ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামকে কুড়িগ্রামকে ২০১৭ সাল হতে এনজিও পোর্টালে নতুনভাবে অন্তর্ভুক্তি করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৯ | ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামকে ২০১৭ সাল হতে এনজিও পোর্টালে নতুনভাবে অন্তর্ভুক্তির জন্য বাৎসরিক ফি ৮০০/- টাকা সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪- জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করতে হবে। | ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ১০ | আগামী সভায় ইএসডিও, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবে। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | ইএসডিও,কুড়িগ্রাম |
| ১১ | এক এনজিওর উপকারভোগী অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে overlapping না হয়; তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক ইউনিয়ন কমিটির সাথে সমন্বয় করে ক্ষতিগ্রস্থের তালিকা প্রস্তুত করতে হবে। শুধুমাত্র নিজস্ব উপকারভোগীদের নয়, যারা উপকারভোগী নহে তাদেরকেও সহায়তা করতে হবে। যেখানে যোগাযোগের সুবিধা রয়েছে, শুধুমাত্র সেখানেই নয় বরং যেখানে যোগাযোগের অসুবিধা বেশি সেখানেও দুর্যোগকালীন ত্রাণ তৎপরতা চালাতে হবে। সাম্প্রতিক বন্যায় জেলায় সকল সংস্থা কর্তৃক ঋণের কিস্তি আদায় বন্ধ রাখতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১২ | বন্যাসহ যে কোন অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে সব এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| | বিভিন্ন বিষয়ের প্রতিটি সভায় বা উঠোন বৈঠকে ভিক্ষুক পুনর্বাসন বিষয়ক এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ক আলোচনা এজেন্ডাভূক্ত করতে হবে।এনজিওর কর্তৃক বিভিন্ন সমিতির নাম জেলার ১৬ টি নদ-নদীর নাম দিয়ে রাখতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৩.১৭ ৬৮২ (৭৫)

তারিখঃ ২৬ ভাদ্র ১৪২৪
১০ সেপ্টেম্বর ২০১৭

অনুলিপিঃ

১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
৪। ..........................................................

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

# এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় উপস্থিতি

সভার তারিখঃ ২৮/০৮/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম | স্বাঃ |
| ২ | জনাব সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, | স্বাঃ |
| ৩ | জনাব মাহতাব লিটন, ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৪ | জনাব মোঃ নেহাল আজমত মহী, প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৫ | জনাব মোঃ খুরশীদ আলম, এইড কুমিল্লা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৬ | জনাব গোলাম মাহফুজ, আর,ডি,আর,এস, বাংলাদেশ | স্বাঃ |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান, সুশীলন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৮ | জনাব মোঃ কামরুল ইসলাম, ইসলামিক রিলিফ বাংলাদেশ | স্বাঃ |
| ৯ | জনাব মোঃ আবু সাঈদ, ব্র্যাক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১০ | মিজ হাসিনা মমতাজ, হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১১ | মিজ জাকিয়া সুলতানা, টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১২ | জনাব ছাবেদ আলী, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৩ | জনাব সুশীল কুমার দাস, কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৪ | জনাব অমল কুমার মজুমদার, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস), উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৫ | জনাব জাহেদুল ইসলাম, ম্যানেজার, মেরী স্টোপস ক্লিনিক, সদর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৬ | জনাব মোঃ বাবুল করিম, সিসিডিবি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৭ | জনাব আতিকুর রহমান, কেডিএবি, চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৮ | জনাব মোঃ হাফিজার রহমান, আশা, কুড়িগ্রাম | স্বাঃ |
| ১৯ | জনাব মোঃ আকরাম আলী, এস এস এস, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২০ | জনাব এ লতিফ, গরীব উন্নয়ন সংস্থা, রাজিবপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২১ | জনাব মোঃ লুৎফর রহমান, সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২২ | জনাব মোঃ আলমগীর সরকার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৩ | জনাব আল-মাহমুদ, ই এস ডি ও, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৪ | জনাব বিবেকানন্দ অধিকারী, জেলা ব্যবস্থাপক, টিডিএস ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৫ | জনাব সৌমেন দাস, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৬ | জনাব খাজা গোলাম মুর্শিদ, , কিরানা নো কাই, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৭ | মিজ হারুন অর রশীদ, নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৮ | জনাব মাহমুদা শারমীন, দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ২৯ | মিজ সাঈদা ইয়াসমিন, আফাদ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩০ | মিজ সুব্রতা রায়, বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩১ | জনাব মিথুন মন্ডল, ঐকুমেনী ডেভলেপমেন্ট ফাউন্ডেশন, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩২ | জনাব সোহেল আরমান, ম্যানেজার, সন্ধান, উলিপুর, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৩ | জনাব আঃ রহমান মন্ডল, গ্রাম উন্নয়ন কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৪ | জনাব মোঃ রুহুল আমিন, ম্যানেজার, কিরানা নো কাই, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৫ | জনাব মোঃ আব্দুল হক, বকুলতলী মহিলা সংসদ,ভূরুংগামারী, কুড়িগ্রাম | স্বাঃ |
| ৩৬ | জনাব মোতাকাব্বিরুল হক, প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, কুড়িগ্রাম | স্বাঃ |

পরিশিষ্ট-খ

## এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভায় অনুপস্থিতি

সভার তারিখঃ ২৮/০৮/২০১৭খ্রিস্টাব্দ।

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|
| ১ | জীবিকা,কুড়িগ্রাম | |
| ২ | শিশু পল্লী প্লাস | |
| ৩ | মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | |
| ৪ | এসকেএস ফাউন্ডেশন | |
| ৫ | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | |
| ৬ | এসো দেশ গড়ি ,উলিপুর, কুড়িগ্রাম | |
| ৭ | ফ্রেন্ডশীপ, কুড়িগ্রাম | |
| ৮ | ছিন্নমুকুল, কুড়িগ্রাম | |
| ৯ | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম | |
| ১০ | উদয়, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১১ | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১২ | প্রশিকা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১৩ | এসিডি, কুড়িগ্রাম | |
| ১৪ | গাইবান্ধা গণস্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ১৫ | ঠিকানা সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ১৬ | অগ্রযাত্রা সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | |
| ১৭ | টিএমএসএস, কুড়িগ্রাম | |
| ১৮ | বিডিএসসি, কুড়িগ্রাম | |
| ১৯ | উদ্দীপন, কুড়িগ্রাম | |
| ২০ | সূর্যের হাসি ক্লিনিক, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ২১ | সানু মেমোরিয়াল সোসাইটি, কুড়িগ্রাম | |
| ২২ | চেতনা বুড়াবুড়ি দূর্গাপুর সমাজ উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | |
| ২৩ | সিড়ি, কুড়িগ্রাম | |
| ২৪ | তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রাম | |
| ২৫ | জনকল্যাণ কেন্দ্র, কুড়িগ্রাম | |
| ২৬ | হাতিয়া উন্নয়ন সংস্থা, উলিপুর, কুড়িগ্রাম | |
| ২৭ | সফট, কুড়িগ্রাম | |
| ২৮ | উদ্যম সংস্থা, রাজারহাট, কুড়িগ্রাম | |
| ২৯ | স্কীলফুল- সুইসকন্টাক্ট, কুড়িগ্রাম | |
| ৩০ | পুফস আইডিই, কুড়িগ্রাম | |
| ৩১ | পিদিম ফাউন্ডেশন, রৌমারী, কুড়িগ্রাম | |